IV. BANGLADESH RICE RESEARCH INSTITUTE

Act No. X of 1973

For the Establishment of the Bangladesh Rice Research Institute

An Act to provide for the establishment of the Bangladesh Rice Research Institute

Whereas it is expedient to provide for the establishment of a Rice Research Institute for the purpose of carrying out research for improved cultivation of lands and production and evolution of improved varieties of rice, and for matters connected therewith or incidental thereto; It is hereby enacted as follows:

1. Short title, extent and commencement

(1) This Act may be called the Bangladesh Rice Research Institute Act, 1973

(2) It extends to the whole of Bangladesh,

(3) It shall come into force at once and shall be deemed to have taken effect on the 5th May, 1973.

2. Definitions

In this Act, unless there is anything repugnant in the subject or context—

(a) "Assets" include all right, powers, authorities and privileges, all property, movable and immovable, including cash balances, bank deposits, reserve fund, investments and all other rights and interests ink or arising out of, such property and all books of accounts registers, records and all other documents of whatever nature relating thereto;

(b) "Board" means the Board of Governors of the Institute;

(c) "Chairman" means the Chairman of the Board;

(d) "Director" means the Director of the Institute;

(e) "Government" means the Government of the People's Republic of Bangladesh;

(f) "Institute" means the Bangladesh Rice Research Institute established under section 3; and

(g) "Prescribed" means prescribed by rules or regulation made under this Act.

3. Establishment and incorporation of the Institute

(1) On the coming into force of this Act, there shall be established an institute to be called the Bangladesh Rice Research Institute for carrying out the purposes of this Act.

(2) The Institute shall be a body corporate having perpetual succession and a common seal with power, subject to the provisions of this Act, to acquire, hold and dispose of properties both movable and immovable, and shall by the said name sue and be sued.

(3) The Head Office of the Institute shall be at Joydebpur in the District of Dhaka.

4. Functions of the Institute.

The functions of the Institute shall be to—

(a) Take over, administer and maintain the former East Pakistan Rice Research Institute established at Joydebpur, Dhaka, together with all assets thereof;

(b) Carry out research on various aspects or rice improvement and production;

(c) Establish research centers and substations in different regions of Bangladesh for carrying out research on different problems of rice;

(d) Establish project areas for demonstration of new varieties of rice developed by the Institute and training of farmers for the cultivation of these varieties of rice;

(e) Publish annual reports, monographs, bulletins and such other literatures relating to rice research and the activities of the Institute;

(f) Establish a laboratory and a library in the Institute;

(g) Train extension officers and progressive farmers in modern improved techniques of rice production;

(h) Do and perform all other activities which may be necessary for the achievement of the objects of the Institute.

5. General direction of the affairs and functions of the Institute —

(1) Subject to the rules and regulations, the general direction of the affairs and functions of the Institute shall vest in a Board which shall have full authority to determine and execute the policies and undertakings of the Institute within the framework of the policy directives issued by the Government.

(2) Without prejudice to the generality of the foregoing provisions, the Board shall, in particular, have power to —

- (a) Exercise general supervision over the affairs of the Institute;
- (b) Approve the course of study of the Institute in broad outline;
- (c) Request for, and receive, grants-in-aid from the Government and other aid-giving agencies;
- (d) Borrow money in Bangladesh or any foreign currency;
- (e) Approve budget for submission to the Government for final approval and obtain funds from the Government to carry out the purposes of the Institute.

6. Constitution of the Board —

The Board shall consist of the following members :

(a)	The Minister for Agriculture	Chairman
(b)	Two members of the Parliament to be appointed by Government by notification in the official Gazette	
(c)	The Secretary, Ministry of Agriculture	Member
(d)	The Secretary, Ministry of Finance	Member
(e)	The Secretary, Ministry of Planning	Member
(f)	The Chairman, Bangladesh Agriculture Development Corporation	Member
(g)	The Director of Agriculture (Extension and Management)	Member
(h)	The Director of Agriculture (Research and Education)	Member
(i)	A representative nominated by the International Rice Research Institute, Los Bonos, Philippines	Member
(j)	The Director, Bangladesh Rice Research Institute	Member-Secretary

7. Meeting of the Board.

(1) The Meetings of the Board shall be convened by the Secretary of the Board, in consultation with the Chairman, at least once in a quarter of the year but meetings may be convened as frequently as may be necessary.

(2) At least fourteen days' notice shall be given for convening a meeting of the Board and such notice shall be sent under the signature of the Secretary of the Board stating the date on, and the time and place at, which the meeting shall be held.

(3) Emergency meetings may be convened on twenty-four hours' notice.

(4) The Chairman shall preside over all meetings of the Board; and if for any reason he is unable to preside over a meeting a member elected by the member present shall preside over that meeting.

(5) Four members shall form a quorum of a meeting.

(6) All matters at a meeting shall be decided by majority votes of the members present.

(7) Each member of the Board shall have one vote, and in the event of equality of votes, the Chairman shall have a casting vote.

8. Allowances of members.
Members of the Board shall be entitled to such allowances as may be prescribed.

9. Director :

(1) The Government shall appoint a Director of the Institute for such a period and on such terms and conditions as the Government may, on the advice of the Board, prescribe.

(2) The Director shall be whole-time chief executive officer of the Institute.

10. Powers and functions of the Director.

(1) The Director shall, subject to the approval of the Board, have power to—

(a) Appoint administrative, instructional, research and other staff and employees on such terms and conditions as may be prescribed;

(b) Determine research and other programmes of the Institute;

(c) Prepare annual budget;

(d) Acquire, subject to the budget provisions of the Institute, by purchase or otherwise, properties, whether movable or immovable, for the maintenance of the Institute.

(e) Construct or alter any building for, or of, the Institute; and

(f) Open a deposit account with any bank and operate the same as per decision of the Board from time to time.

(2) The Director shall exercise such other powers and perform such other functions and discharge such other duties as may be determined by the Board.

11. Committees of the Institute:

(1) The Board may, from time to time, appoint such committees as may be necessary to discharge such functions as may be assigned to them by the Board or to assist the Director in the performance of his functions.

(2) Each committee shall be headed by a Chairman and shall consist of such members as may be determined by the Board.

(3) The Chairman and members of a committee shall hold office for such period as the Board may determine.

12. Audit:

The accounts of the Institute shall be audited by the Comptroller and Auditor General.

13. Public servant, etc:

(1) The Director, officers, advisers, employees and other staff of the Institute shall, while acting or purporting to act in pursuance of any provision of this Act or rules and regulations made there under, be deemed to be public servants within the meaning of section 21 of the Penal Code (Act XLV of 1860).

(2) The Institute shall not be construed as a "shop" or "commercial establishment" or a "factory" or an "industrial establishment" or "industry" within the meaning of the Shops and Establishments Act, 1965 (Act VII of 1965), the Factories Act, 1934 (Act XXV of 1934) or the Industrial Relations Ordinance, 1969 (Ord. XIII of 1969).

14. Dissolution of the Board of Governors of the former East Pakistan Rice Research Institute.

Upon the commencement of this Act, the Board of Governors of the former East Pakistan Rice Research Institute, Joydebpur, Dhaka, registered under the Societies Registration Act, 1860 (Act XXI of 1860), shall, notwithstanding anything contained in that Act, stand dissolved, and upon such dissolution—

(a) All assets of the Board of Governors' of the former East Pakistan Rice Research Institute shall stand transferred to, and vested in, the Institute;

(b) Such liabilities or class of liabilities of the Board of Governors of the former East Pakistan Rice Research Institute as the Government may direct shall become the liabilities of the Institute; Provided that the Government may reduce any such liabilities or class of liabilities by such amount as it may deem fit;

(c) The Government may, by order, transfer to the Institute such officers, employees, staff, consultants and advisers of the Board of Governors of the former East Pakistan Rice Research Institute as the Government may deem fit on terms and conditions to be prescribed by the Government.

15. Power to make rules

The Government may, by notification in the official Gazette, make rules for the purpose of giving effect to the provisions of this Act.

16. Power to make regulations

(1) The Board may, with the previous approval of the Government, make regulations, not inconsistent with the provisions of this Act and the rules, to provide for all matters for which provision is necessary or expedient for the purpose of giving effect to the provisions of this Act.

(2) All regulations made under this section shall be published in the official Gazette and shall come into force on such publication.

17. Repeal

The Bangladesh Rice Research Institute Ordinance, 1973 (Ord. VI of 1973), is hereby repealed.

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়

বিজ্ঞপ্তি

তারিখ, ১৯ মে, ১৯৯৬ ইং/৫ই জ্যৈষ্ঠ, ১৪০৩ বাং

নং ৩২৫ (পাব)—গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের রাষ্ট্রপতি কর্তৃক এতদ্বারা ১৩ই মে, ১৯৯৬ইং/৩০ শে বৈশাখ, ১৪০৩ বাং তারিখে প্রণীত এবং এতদসংগে সংযোজিত অধ্যাদেশটি সাধারণের জ্ঞাতার্থে প্রকাশিত হইল।

অধ্যাদেশ নং ১৮, ১৯৯৬

THE BANGLADESH RICE RESEARCH INSTITUTE (AMENDMENT) ORDINANCE, 1996

Bangladesh Rice Research Institute Act, 1973 এর অধিকতর সংশোধনকল্পে প্রণীত অধ্যাদেশ

যেহেতু নিম্নবর্ণিত উদ্দেশ্যসমূহ পূরণকল্পে Bangladesh Rice Research Institute Act, 1973 (X of 1973) এর অধিকতর সংশোধন সমীচীন ও প্রয়োজনীয় ;

এবং যেহেতু সংসদ ভাংগিয়া দেওয়া হইয়াছে এবং রাষ্ট্রপতির নিকট ইহা সন্তোষজনকভাবে প্রতীয়মান হইয়াছে যে,আশু ব্যবস্থা গ্রহণের জন্য প্রয়োজনীয় পরিস্থিতি বিদ্যমান রহিয়াছে ;

সেহেতু গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানের ৯৩ (১) অনুচ্ছেদে প্রদত্ত ক্ষমতাবলে রাষ্ট্রপতি অনুরূপ অধ্যাদেশ প্রণয়ন ও জারী করিলেন ঃ—

১। **সংক্ষিপ্ত শিরনাম ও প্রবর্তন।**—(১) এই অধ্যাদেশ The Bangladesh Rice Research Institute (Amendment) Ordinance, 1996 নামে অভিহিত হইবে।

(২) সরকার ১লা আষাঢ়, ১৪০৩ মোতাবেক ১৫ জুন, ১৯৯৬ তারিখে উক্ত অধ্যাদেশ বলবৎ হইবার তারিখ রূপে নির্ধারণ করিল[১]।

২। **Act X of 1973 এর Section 2 এর সংশোধন।**—Bangladesh Rice Research Institute Act, 1973 (X of 1973) অতঃপর উক্ত Act বলিয়া উল্লিখিত, এর

(ক) Clause (b) এর 'Governors' শব্দটির পরিবর্তে 'Management' শব্দটি প্রতিস্থাপিত হইবে।

(খ) Clause (d) এর পরিবর্তে নিম্নরূপ clause প্রতিস্থাপিত হইবে, যথা ঃ—

(d) 'Council' means বাংলাদেশ কৃষি গবেষণা কাউন্সিল established by বাংলাদেশ কৃষি গবেষণা কাউন্সিল অধ্যাদেশ, ১৯৯৬ (অধ্যাদেশ নং ১৬, ১৯৯৬) ;

(dd) "Director General" means the Director-General of the Institute.

৩। **Act X of 1973 এর section 3 এর সংশোধন।**―উক্ত Act এর section 3 এর sub section (3) এর "Dacca" শব্দটির পরিবর্তে "Gazipur" শব্দটি প্রতিস্থাপিত হইবে।

৪। **Act X of 1973 এর section 6 এর সংশোধন।**―উক্ত Act এর section 6 এর পরিবর্তে নিম্নরূপ sections প্রতিস্থাপিত হইবে, যথা ঃ―

"6" **'Certain directions, etc. of Council to be given effect to**.―Notwithstanding anything contained in this Act, the Institute, or any of its functionaries shall, in relation to the affairs of the Institute, ensure that―

(a) any direction issued by the Council under or in pursuance of the provisions of section 8 or 14 of বাংলাদেশ কৃষি গবেষণা কাউন্সিল অধ্যাদেশ, ১৯৯৬ (১৯৯৬ সালের ১৬নং আইন) is complied with; and

(b) any recommendation or determination made or advice given by the Council under or in pursuance of the said provisions, as far as practicable, is given effect to;

Provided that where, in the opinion of the Institute, it is not possible to give effect to such recommendation or advice or any part there of"―

(i) the Institute shall, without delay, communicate its opinion with reasons there for to the Council; and

(ii) the Council may, after consideration of such opinion, modify or revoke its earlier recommendation or advice, or may issue fresh recommendation or advice on the same subject:

Provided further that the recommendation or advice so modified or issued afresh, as the case may be, shall be deemed to be a direction under clause (a) and shall be complied with accordingly.

6A. **Constitution of the Board**―(1) The board shall consist of the following members, namely**:** ―

(a) the Director General, ex-officio, who shall also be the chairman of the Board;

(b) two eminent scientists, from outside the Institute, one in any social science and the other in the field pertaining to the speciality of the Institute, to be nominated by the Ministry or Division dealing with agriculture;

(c) a representative of the Council to be nominated by it;

(d) a representative of the Department of Agricultural Extension, not below the rank of Director, to be nominated by the Ministry or Division dealing with agriculture;

(e) the Directors of the Institute, ex-officio;

(f) two senior scientists of the Institute, to be nominated by the Ministry or Division dealing with agriculture;

(g) two representative, one from among the farmers and the other from among the Non-Government Organizations (NGOs) performing functions similar to those of the Institute, to be nominated by the Ministry or Division dealing with agriculture; and

(h) two representatives, one from the Ministry or Division dealing with agriculture and the other from the Finance Division of the Ministry dealing with finance, not below the rank of Deputy Secretary, to be nominated by the respective Ministry or Division.

(2) The Director-in-charge of Administration of the Institute shall act as the Secretary of the Board.

6B. **Tenure of membership, resignation, etc. —** (1) The members specified in clause (g) of section 6A(1) shall hold office for a period of three years from the date of their nomination:

Provided that such members may resign their membership in writing addressed to the Chairman.

(2) A person shall cease to be a member, if he-

(a) dies, or

(b) being a member specified in clause (g) of section 6A (1)—

(i) resigns his membership under the proviso to sub-section (1) of this section or

(ii) his tenure expires under sub-section (1) of this section; or

(iii) remains absent, without permission of the Chairman, from three consecutive meetings of the Board;

or

(c) is declared by a competent court to be of unsound mind; or

(d) is an undischarged insolvent; or

(e) has been, on conviction for a criminal offence involving moral turpitude, sentenced to imprisonment for a term of not less than three months or to a fine not less than five thousand taka and unless a period of two years has elapsed since his release or realization of the fine, as the case may be."

৫। **Act X of 1973 এর Section 7 এর সংশোধন**।—উক্ত Act এর Section 7 এর Sub-Section(7) এর Chairman এর শব্দটির পর "or the member presiding over the meeting" শব্দগুলি প্রতিস্থাপিত হইবে।

৬। **Act X of 1973 এর Section 8 এর বিলুপ্তি**।—উক্ত Act এর Section 8 বিলুপ্ত হইবে।

৭। **Act X of 1973 এর Section 9 এর প্রতিস্থাপন**।—উক্ত Act এর Section 9 এর পরিবর্তে নিম্নরূপ Section 9 প্রতিস্থাপিত হইবে।

"9. **Director General**—(1) There shall be a Director-General of the Institute who shall be appointed by the Government on such terms and conditions as the Government may determine.

(2) The Director General shall be a whole time officer and the chief executive of the Institute."

৮। **Act X of 1973 এর Section, 10 এর সংশোধন।**—উক্ত Act এর Section 10 এর—

(ক) Director শব্দটি উপান্তটীকাসহ যেখানেই উল্লিখিত থাকুক, এর পরিবর্তে Director General শব্দটি প্রতিস্থাপিত হইবে।

(খ) Sub-section এর (1) এর Clauses (a) এবং (b) বিলুপ্ত হইবে।

৯। **Act X of 1973 এর Section d 11 এর সংশোধন।**—উক্ত Act এর Section 11 এর Sub-section (1) এর Director শব্দটির পরিবর্তে Director General শব্দটি প্রতিস্থাপিত হইবে।

১০। **Act X of 1973 এর section 11A এর সন্নিবেশ।**—উক্ত Act এর section 11 এর পর নিম্নরূপ নতুন section 11A সন্নিবেশিত হইবে, যথা ঃ-

"11 **A.Appointment of Advisers, Directors, officers etc**. — For the efficient performance of the functions of the Institute—

(a) the Government may appoint such number of Directors on such terms and conditions as it may determine from time to time;

(b) the Board may appoint such number of advisers, officers and other employees on such terms and conditions as it determine from time to time."

১১। **Act X of 1973 এর section 13 এর সংশোধন।**—উক্ত Act এর section 13 এর—

(ক) sub-section (1) এর "Director, officers, advisers, employees and other staff" শব্দগুলি ও কমাগুলির পরিবর্তে শব্দগুলি ও "Director General, advisers. Directors and other officers and employees" শব্দগুলি ও কমাগুলি প্রতিস্থাপিত হইবে।

(খ) sub-section (2) এর "1934 (Act XXV of 1934)" সংখ্যাগুলি, শব্দগুলি ও বন্ধনীর পরিবর্তে "1965 (E. P. Act IV of 1965)" - সংখ্যাগুলি, শব্দগুলি ও বন্ধনী এবং "XIII" সংখ্যাটির পরিবর্তে "XXIII" সংখ্যাটি প্রতিস্থাপিত হইবে।

আব্দুর রহমান বিশ্বাস
রাষ্ট্রপতি

ঢাকা
৩০ বৈশাখ, ১৪০৩ বাংলা
১৩ মে, ১৯৯৬ ইংরেজী।

মুহাম্মদ আব্দুল বাশার ভুইয়া
যুগ্ম-সচিব।

(বাংলা অনুবাদ)

১৯৭৩ সনের ১০ নম্বর আইন

বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউট আইন, ১৯৭৩

(১৯৯৬ সন পর্যন্ত সংশোধিত)

যেহেতু জমির উন্নত চাষাবাদ এবং উন্নতমানের বিভিন্ন জাতের ধানের উৎপাদন ও উদ্ভাবনের জন্য এবং এতদ্‌সংশ্লিষ্ট বা উদ্ভূত আকস্মিক বিষয়ে গবেষণা পরিচালনার জন্য একটি ধান গবেষণা ইনস্টিটিউট স্থাপন করা সমীচীন;

সেহেতু এতদ্‌দ্বারা নিম্নরূপ আইন প্রণীত হইল —

১। **সংক্ষিপ্ত শিরোনাম, ব্যাপ্তি ও প্রবর্তন।**—(১) এই আইন বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউট আইন, ১৯৭৩ নামে অভিহিত হইবে,

(২) ইহা সমগ্র বাংলাদেশে প্রযোজ্য হইবে,

(৩) ইহা অবিলম্বে কার্যকর হইবে এবং মে ৫, ১৯৭৩ তারিখ হইতে কার্যকর হইয়াছে বলিয়া গণ্য হইবে।

২। **সংজ্ঞা।**—বিষয় বা প্রসঙ্গের পরিপন্থী কোন কিছু না থাকিলে, এই আইনে—

(ক) "সম্পদ" অর্থে সকল অধিকার, ক্ষমতা, কর্তৃত্ব ও প্রাধিকার, সকল স্থাবর ও অস্থাবর সম্পত্তিসহ নগদ অর্থ, ব্যাংকস্থিতি, সংরক্ষিত তহবিল, বিনিয়োগ এবং এইরূপ সম্পত্তি হইতে উদ্‌ভূত অন্যান্য সকল অধিকার ও স্বার্থ এবং সকল হিসাববহি, রেজিস্টার, রেকর্ডসমূহ এবং এতদ্‌সংক্রান্ত অন্যান্য সকল দলিল;

(খ) "বোর্ড" অর্থ ইনস্টিটিউট এর পরিচালনা বোর্ড;

(গ) "চেয়ারম্যান" অর্থ বোর্ডের চেয়ারম্যান;

(ঘ) "কাউন্সিল" অর্থ বাংলাদেশ কৃষি গবেষণা কাউন্সিল আইন, ১৯৯৬ (১৯৯৬ সনের ৭) দ্বারা গঠিত বাংলাদেশ কৃষি গবেষণা কাউন্সিল;

(ঘঘ) "মহাপরিচালক" অর্থ ইনস্টিটিউট এর মহাপরিচালক;

(ঙ) "পরিচালক" অর্থ ইনস্টিটিউট এর পরিচালক;

(চ) "সরকার" অর্থ গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার;

(ছ) "ইনস্টিটিউট" অর্থ ধারা ৩ এর অধীন স্থাপিত বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউট; এবং

(জ) "নির্ধারিত" অর্থ এই আইনের অধীন প্রণীত বিধি বা প্রবিধান দ্বারা নির্ধারিত।

৩। **ইনস্টিটিউট স্থাপন ও নিগমবন্ধন।**—(১) এই আইন বলবৎ হওয়ার সঙ্গে সঙ্গে এই আইনের উদ্দেশ্য পূরণকল্পে বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউট নামে একটি ইনস্টিটিউট প্রতিষ্ঠিত হইবে।

(২) ইনস্টিটিউট স্থায়ী ধারাবাহিকতা সম্পন্ন একটি সংবিধিবদ্ধ সংস্থা হইবে যার একটি সাধারণ সীলমোহর থাকিবে এবং এই আইনের বিধান সাপেক্ষে, ইহার স্থাবর ও অস্থাবর উভয় প্রকার সম্পত্তি অর্জন করিবার, অধিকার রাখিবার ও হস্তান্তর করিবার ক্ষমতা থাকিবে এবং ইহা নিজ নামে মামলা দায়ের করিতে পারিবে এবং ইহার বিরুদ্ধেও মামলা দায়ের করা যাইবে।

(৩) ইনস্টিটিউট এর প্রধান কার্যালয় গাজীপুর জেলার জয়দেবপুরে থাকিবে।

৪। **ইনস্টিটিউট এর কার্যাবলী**।—ইনস্টিটিউট এর কার্যাবলী হইবে—(ক) ঢাকাস্থ জয়দেবপুরে স্থাপিত সাবেক পূর্ব পাকিস্তান ধান গবেষণা ইনস্টিটিউট এর সমুদয় সম্পদসহ দখল নেওয়া, পরিচালনা ও তত্ত্বাবধান করা;

(খ) ধান উন্নয়ন ও উৎপাদন সংক্রান্ত বিভিন্ন বিষয়ের উপর গবেষণা পরিচালনা করা;

(গ) ধানের বিভিন্ন সমস্যার উপর গবেষণা পরিচালনার জন্য বাংলাদেশের বিভিন্ন অঞ্চলে গবেষণা কেন্দ্র ও উপ-কেন্দ্র প্রতিষ্ঠা করা;

(ঘ) ইনস্টিটিউট কর্তৃক উদ্ভাবিত ধানের নতুন জাতসমূহের প্রদর্শনী এবং এইসব জাতের ধান চাষাবাদে কৃষকদের প্রশিক্ষণের জন্যে প্রকল্প এলাকা প্রতিষ্ঠা করা;

(ঙ) ধান গবেষণা এবং ইনস্টিটিউট এর কার্যাবলী সম্পর্কিত বার্ষিক রিপোর্ট, মনোগ্রাফ, বুলেটিন এবং অনুরূপ অন্যান্য প্রকাশনা প্রকাশ করা;

(চ) ইনস্টিটিউট এর একটি গবেষণাগার ও একটি লাইব্রেরী প্রতিষ্ঠা করা;

(ছ) ধান উৎপাদনে আধুনিক উন্নত প্রযুক্তির উপর সম্প্রসারণ কর্মকর্তা ও অগ্রসরমান কৃষকদের প্রশিক্ষণ প্রদান;

(জ) ইনস্টিটিউট এর উদ্দেশ্য অর্জনে প্রয়োজন হইতে পারে এমন অন্যান্য সকল কার্য সম্পাদন করা।

৫। **ইনস্টিটিউট এর বিষয়াদি ও কার্যাবলীর সাধারণ নির্দেশনা**।—(১) এই আইনের অধীনে প্রণীত বিধি ও প্রবিধান সাপেক্ষে, ইনস্টিটিউট এর সাধারণ বিষয়াদি ও কার্যাবলী পরিচালনা একটি বোর্ডের উপর ন্যস্ত থাকিবে যাহার সরকার কর্তৃক জারীকৃত নীতি নির্দেশনার আওতায় ইনস্টিটিউট এর নীতি নির্ধারণ ও বাস্তবায়ন এবং কার্যাবলী সম্পাদনে পূর্ণ কর্তৃত্ব থাকিবে।

(২) পূর্বোক্ত বিধানাবলী সামগ্রিকভাবে ক্ষুণ্ন না করিয়া বোর্ড এর বিশেষভাবে নিম্নরূপ ক্ষমতা থাকিবে—

(ক) ইনস্টিটিউট এর কার্যাবলীর উপর সাধারণ তত্ত্বাবধায়ন;

(খ) বিস্তৃত রূপরেখায় ইনস্টিটিউট এর গবেষণাক্রম অনুমোদন;

(গ) সরকার এবং অন্যান্য দাতা সংস্থা হইতে অনুদানের জন্য অনুরোধ এবং উক্তরূপ অনুদান গ্রহণ;

(ঘ) বাংলাদেশী টাকায় বা বৈদেশিক মুদ্রায় ঋণ গ্রহণ;

(ঙ) চূড়ান্ত অনুমোদনের জন্য সরকারের নিকট বাজেট উপস্থাপনের লক্ষ্যে বাজেট অনুমোদন এবং ইনস্টিটিউটের উদ্দেশ্য পূরণকল্পে সরকারের নিকট হইতে তহবিল সংগ্রহ;

৬। **কাউন্সিলের কতিপয় নির্দেশনা, ইত্যাদির কার্যকারিতা প্রদান।**—এই আইনে যাহা কিছুই থাকুক না কেন, ইনস্টিটিউট বা ইহার দায়িত্ব পালনকারী প্রত্যেক ব্যক্তি বা সংস্থা কর্তৃক কার্যাবলী সম্পাদনের ক্ষেত্রে নিশ্চিত করিবে যে—

(ক) বাংলাদেশ কৃষি গবেষণা কাউন্সিল আইন, ১৯৯৬ (১৯৯৬ সনের ১৬) এর ধারা ৮ বা ধারা ১৪ এর অধীন অথবা অনুসারে কাউন্সিল কর্তৃক জারীকৃত নির্দেশনা মান্য করা হইয়াছে; এবং

(খ) উক্ত বিধানাবলীর অধীন অথবা অনুসারে কাউন্সিল প্রদত্ত সুপারিশ বা বাতিলাদেশ অথবা পরামর্শ যথাসম্ভব কার্যকর করা হইয়াছে;

(গ) তবে শর্ত থাকে যে, ইনস্টিটিউটের মতানুসারে যদি অনুরূপ কোন সুপারিশ বা পরামর্শ বা উহার কোন অংশবিশেষ কার্যকর করা সম্ভব না হয়, তাহা হইলে—

(১) ইনস্টিটিউট অনতিবিলম্বে কারণসহ ইহার মতামত কাউন্সিলকে অবহিত করিবে, এবং

(২) উক্ত মতামত বিবেচনাক্রমে কাউন্সিল ইহার পূর্বের সুপারিশ বা পরামর্শ সংশোধন বা বাতিল করিতে পারিবে বা একই বিষয়ে নতুন সুপারিশ বা পরামর্শ জারী করিতে পারিবে:

তবে আরও শর্ত থাকে যে, অনুরূপভাবে সংশোধিত বা নতুনভাবে জারীকৃত সুপারিশ বা ক্ষেত্রমত, দফা (ক) এর অধীন নির্দেশনা হিসাবে গণ্য হইবে এবং তদানুসারে উহা পালন করিতে হইবে।

৬ক। **বোর্ড এর গঠন।**—(১) নিম্নলিখিত সদস্য সমন্বয়ে বোর্ড গঠিত হইবে, যথা ঃ—

(ক) মহাপরিচালক, পদাধিকার বলে, যিনি বোর্ডের চেয়ারম্যানও হইবেন;

(খ) কৃষি বিষয়ক মন্ত্রণালয় বা বিভাগ কর্তৃক মনোনীত ইনস্টিটিউট বহির্ভূত দুইজন প্রখ্যাত বিজ্ঞানী, যাহাদের একজন যে কোন সমাজ বিজ্ঞান এবং অন্যজন ইনস্টিটিউটের বৈশিষ্ট্যের সহিত সংশ্লিষ্ট কোন বিষয়ে বিজ্ঞানী হইবেন;

(গ) কাউন্সিল কর্তৃক মনোনীত ইহার একজন প্রতিনিধি;

(ঘ) কৃষি বিষয়ক মন্ত্রণালয় বা বিভাগ কর্তৃক মনোনীত কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের একজন প্রতিনিধি যাহার পদমর্যাদা পরিচালকের নিম্নে নয়;

(ঙ) ইনস্টিটিউট এর পরিচালকগণ, পদাধিকার বলে;

(চ) কৃষি বিষয়ক মন্ত্রণালয় বা বিভাগ কর্তৃক মনোনীত ইনস্টিটিউটের দুইজন জ্যেষ্ঠ বিজ্ঞানী;

(ছ) কৃষি বিষয়ক মন্ত্রণালয় বা বিভাগ কর্তৃক মনোনীত দুইজন প্রতিনিধি যাহাদের একজন কৃষকদের মধ্য হইতে এবং অন্যজন ইনস্টিটিউট সদৃশ কার্যাবলী সম্পাদনকারী বেসরকারী সংগঠন সমূহের এর মধ্য হইতে প্রতিনিধি হইবেন; এবং

(জ) উপ-সচিব পদমর্যাদার নিম্নে নয় এমন দুইজন প্রতিনিধি যাঁহাদের একজন কৃষি বিষয়ক মন্ত্রণালয় বা বিভাগ কর্তৃক এবং অন্যজন অর্থ মন্ত্রণালয়ের অর্থ বিভাগ কর্তৃক যথাক্রমে মনোনীত হইবেন।

(২) ইনস্টিটিউট এর প্রশাসনের দায়িত্বে নিয়োজিত পরিচালক বোর্ড এর সচিবের দায়িত্ব পালন করিবেন।

৬খ। **সদস্য পদের মেয়াদ, পদত্যাগ ইত্যাদি।**—(১) ধারা ৬ক এর উপ-ধারা (১) এর দফা (ছ) এ উল্লিখিত সদস্যগণ তাহাদের মনোনয়নের তারিখ হইতে তিন বৎসর স্বীয় পদে বহাল থাকিবেন;

তবে শর্ত থাকে যে, চেয়ারম্যান বরাবর লিখিতভাবে অনুরূপ কোন সদস্য স্বীয় পদ ত্যাগ করিতে পারিবেন।

(২) কোন ব্যক্তির সদস্য পদের অবসান হইবে, যদি তিনি—

(ক) মৃত্যুবরণ করেন; বা

(খ) ধারা ৬ক এর উপ-ধারা (১) এর দফা (ছ) এ উলি্লখিত সদস্য, যদি তিনি—

(১) এই ধারার উপ-ধারা (১) এর শর্তের আওতায় তাহার সদস্য পদ ত্যাগ করেন; বা

(২) এই ধারার উপ-ধারা (১) এর অধীন তাহার সদস্য পদের মেয়াদ উত্তীর্ণ হয়; বা

(৩) চেয়ারম্যানের অনুমতি ব্যতিরেকে একাধিক্রমে বোর্ড এর তিনটি সভায় অনুপস্থিত থাকেন; বা

(গ) কোন এখতিয়ার সম্পন্ন আদালত কর্তৃক অপ্রকৃতিস্থ ঘোষিত হন; বা

(ঘ) দেউলিয়াত্ব হইতে অব্যাহতি প্রাপ্ত না হন; বা

(ঙ) নৈতিক স্খলনজনিত ফৌজদারী অপরাধে দোষী সাব্যস্ত হইয়া অন্যূন তিনমাসের কারাদন্ড অথবা অনূর্ধ্ব পাঁচ হাজার টাকা অর্থদন্ডে দন্ডিত হন এবং তার মুক্তির পর বা ক্ষেত্রমত অর্থদন্ড আদায়ের পর দুই বৎসর অতিবাহিত না হয়।

৭। **বোর্ড সভা।**—(১) বোর্ড এর সচিব, চেয়ারম্যানের সহিত আলোচনাক্রমে প্রতি বছর তিন মাসে কমপক্ষে একবার বোর্ড এর সভা আহবান করিবেন; তবে যতবার প্রয়োজন হইবে ততবার সভা আহবান করা যাইবে।

(২) বোর্ড এর সভা অনুষ্ঠিত হওয়ার অন্তত চৌদ্দ দিন পূর্বে নোটিশ প্রদান করিতে হইবে এবং উক্ত নোটিশে সভার তারিখ, সময় ও স্থান উল্লেখ করিয়া বোর্ডের সচিবের স্বাক্ষরে প্রেরণ করিতে হইবে।

(৩) চব্বিশ ঘন্টার নোটিশে জরুরী সভা আহবান করা যাইবে।

(৪) চেয়ারম্যান বোর্ড এর সকল সভায় সভাপতিত্ব করিবেন; এবং যদি কোন কারণে তিনি কোন সভায় সভাপতিত্ব করিতে অপারগ হন, তাহা হইলে উপস্থিত সদস্যগণ কর্তৃক নির্বাচিত কোন সদস্য সভায় সভাপতিত্ব করিবেন।

(৫) চারজন সদস্য সমন্বয়ে সভার কোরাম গঠিত হইবে।

(৬) সভায় উপস্থিত সদস্যগণের সংখ্যাগরিষ্ঠ ভোটে সকল বিষয়ে সিদ্ধান্ত হইবে।

(৭) প্রত্যেক সদস্যের একটি ভোট থাকিবে এবং ভোটের সমতার ক্ষেত্রে চেয়ারম্যান এর একটি নির্ণায়ক ভোট থাকিবে।

৮। বিলুপ্ত।

৯। **মহাপরিচালক।**—(১) ইনস্টিটিউট এর একজন মহাপরিচালক থাকিবেন, যিনি সরকার কর্তৃক নির্ধারিত শর্তে নিযুক্ত হইবেন।

(২) মহাপরিচালক একজন সার্বক্ষণিক কর্মকর্তা এবং ইনস্টিটিউট এর প্রধান নির্বাহী হইবেন।

১০। **মহাপরিচালক এর ক্ষমতা ও কার্যাবলী**।—(১) বোর্ড এর অনুমোদন সাপেক্ষে মহাপরিচালক এর নিম্নবর্ণিত ক্ষমতা থাকিবে —

(ক) বিলুপ্ত;

(খ) বিলুপ্ত;

(গ) বার্ষিক বাজেট তৈরী;

(ঘ) ইনস্টিটিউট এর বিধান ব্যবস্থা থাকা সাপেক্ষে, ইনস্টিটিউট এর রক্ষণাবেক্ষণের জন্য ক্রয় বা অন্যভাবে স্থাবর বা অস্থাবর সম্পত্তি অর্জন;

(ঙ) ইনস্টিটিউট এর ভবন বা ইহার জন্য ভবন নির্মাণ বা সংস্কার; এবং

(চ) কোন ব্যাংকে আমানতের হিসাব খোলা এবং সময়ে সময়ে বোর্ড এর সিদ্ধান্ড় অনুসারে উহার পরিচালন;

২। মহাপরিচালক বোর্ড কর্তৃক নির্ধারিত অন্যান্য ক্ষমতা প্রয়োগ বা কার্যাবলী সম্পাদন এবং দায়িত্ব পালন করিবেন।

১১। **ইনস্টিটিউট এর কমিটিসমূহ**।—(১) বোর্ড কর্তৃক ন্যস্ড় দায়িত্ব পালন এবং মহাপরিচালক এর তাহার কার্যাবলী সম্পাদনে সহায়তা করিবার নিমিত্ত বোর্ড সময়ে সময়ে প্রয়োজনীয় কমিটি নিয়োগ করিতে পারিবে।

(২) প্রত্যেক কমিটি একজন চেয়ারম্যানের নেতৃত্বে এবং বোর্ড কর্তৃক নির্ধারিত সদস্য সমন্বয়ে গঠিত হইবে।

(৩) কমিটির চেয়ারম্যান ও সদস্যগণ বোর্ড কর্তৃক নির্ধারিত মেয়াদের জন্য তাহাদের পদে বহাল থাকিবেন।

১১ক। উপদেষ্টা, পরিচালক, কর্মকর্তা নিয়োগ।—ইনস্টিটিউট এর কার্যাবলী সুষ্ঠুভাবে সম্পাদনের জন্য-

(ক) সরকার প্রয়োজনীয় সংখ্যক পরিচালক তদকর্তৃক নির্ধারিত শর্তে সময়ে সময়ে নিয়োগ করিতে পারিবে;

(খ) বোর্ড প্রয়োজনীয় সংখ্যক উপদেষ্টা, কর্মকর্তা এবং অন্যান্য কর্মচারী তদকর্তৃক নির্ধারিত শর্তে সময়ে সময়ে নিয়োগ করিতে পারিবে।

১২। **নিরীক্ষা**।—মহা-হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক কর্তৃক ইনস্টিটিউট এর হিসাব নিরীক্ষিত হইবে।

১৩। **জনসেবক, ইত্যাদি**।—(১) ইনস্টিটিউটের মহাপরিচালক, উপদেষ্টা, পরিচালক, অন্যান্য কর্মকর্তা ও কর্মচারী যখন এই আইনের কোন বিধান বা তদধীন প্রণীত বিধি বা প্রবিধানের অধীন কোন কার্য করিলে বা করিবার উদ্যোগ নিলে তাহারা দন্ড বিধি, ১৮৬০ (১৮৬০ সনের ৪৫) এর ধারা ২১-এ বিবৃত অর্থে জনসেবক বলিয়া গণ্য হইবেন।

(২) ইনস্টিটিউট দোকান ও স্থাপনা আইন, ১৯৬৫ (১৯৬৫ সনের ৭) কারখানা আইন, ১৯৩৪ (১৯৩৪ সনের ২৫) বা শিল্প বিষয়ক অধ্যাদেশ, ১৯৬৯ (১৯৬৯ সনের অধ্যাদেশ ১৩) এর অর্থ অনুযায়ী “দোকান” বা “বাণিজ্যিক স্থাপনা” বা “শিল্প কারখানা” বা “শিল্প” হিসাবে গণ্য হইবে না।

১৪। সাবেক পূর্ব পাকিস্ড়ান ধান গবেষণা ইনস্টিটিউট এর বোর্ড লব গভর্নরস এর বিলোপ।—এই আইন কার্যকর হইবার সাথে সাথে সোসাইটিস নিবন্ধন আইন, ১৮৬০ (১৮৬০ সনের ২১) এর অধীন নিবন্ধিত সাবেক পূর্ব পাকিস্তান ধান গবেষণা ইনস্টিটিউট, জয়দেবপুর, ঢাকা এর বোর্ড অব গভর্নরস, উক্ত আইনে যাহা কিছুই থাকুক না কেন বিলুপ্ত হইয়া যাইবে এবং অনুরূপ বিলুপ্তির পর—

(ক) সাবেক পূর্ব পাকিস্তান ধান গবেষণা ইনস্টিটিউট এর বোর্ড অব গভর্নরস এর সকল সম্পদ তাৎক্ষণিক ইনস্টিটিউট এ স্থানান্তরিত এবং ন্যস্ত হইবে;

(খ) সাবেক পূর্ব পাকিস্তান ধান গবেষণা ইনস্টিটিউট এর বোর্ড অব গভর্নরস এর এইরূপ দায়সমূহ বা দায়সমূহের শ্রেণী, সরকার এর নির্দেশনা অনুসারে ইনস্টিটিট এর দায় হিসাবে পরিগণিত হইবে। তবে শর্ত থাকে যে, সরকার এইরূপ যে কোন দায় বা দায়সমূহের শ্রেণীর পরিমান এইরূপ যাহা সরকার তদ্‌কর্তৃক যথাযথ বিবেচনায় হ্রাস করিতে পারিবে।

(গ) সরকার তদ্‌কর্তৃক যথাযথ বিবেচিত হইলে সাবেক পূর্ব পাকিস্তান ধান গবেষণা ইনস্টিটিউট এর বোর্ড অব গভর্নরস এর কর্মকর্তা, কর্মচারী, স্টাফ, পরামর্শক ও উপদেষ্টাগণকে আদেশ দ্বারা সরকার নির্ধারিত শর্তে ইনস্টিটিউটে বদলী করিতে পারিবে।

১৫। বিধি প্রণয়নের ক্ষমতা।—এই আইনে বিধানসমূহ কার্যকর করার উদ্দেশ্যে সরকারী গেজেটে প্রজ্ঞাপন দ্বারা সরকার বিধি প্রণয়ন করিতে পারিবে।

১৬। প্রবিধান প্রণয়নের ক্ষমতা।—(১) বোর্ড, সরকারের পূর্বানুমোদনক্রমে যে সকল বিষয়ে প্রবিধান প্রয়োজনীয় বা এই আইনের বিধিসমূহ দ্রুত কার্যকরীর লক্ষ্যে এই আইন ও বিধির পরিপন্থী নয় এইরূপ প্রবিধান প্রণয়ন করিতে পারিবে।

(২) এই ধারার অধীন প্রণীত সকল প্রবিধান সরকারি গেজেটে প্রকাশ করিতে হইবে এবং এইরূপ প্রকাশনা দ্বারা বলবৎ হইবে।

১৭। রহিত।—বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউট অধ্যাদেশ, ১৯৭৩ (১৯৭৩ সনের অধ্যাদেশ ৬)- এতদ্‌দ্বারা রহিত করা হইল।

বাংলা অনুবাদ সংক্রান্তে কৃষি মন্ত্রণালয়ে গঠিত কমিটির সিদ্ধান্ত অনুযায়ী বাংলা অনুবাদ

স্বাঃ২৪/৬/২০০৯
মনোরঞ্জন মন্ডল
প্রযুক্তি সম্পাদক ও প্রধান, পিপিআরডি
বাংলাদেশ ধান গবেষণা কেন্দ্র

স্বাঃ২৪/৬/২০০৯
আসমা নাসিরউদ্দিন
উপসচিব
জন প্রশাসন মন্ত্রণালয়

স্বাঃ২৪/৬/২০০৯
হোসেন রিদোয়ান আলী খান
অনুবাদ কর্মকর্তা
জনপ্রশাসন মন্ত্রণালয়

স্বাঃ২৪/৬/২০০৯
সিনিয়র সহকারী সচিব
গবেষণাঃ৩
কৃষি মন্ত্রণালয়